প্রকাশনা সংখ্যা-১২৭

অনুক্রম- ০৩

# বাংলাদেশ লেদার এন্ড ফুটওয়্যার এর কতিপয় প্রতিষ্ঠানের ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত উৎপাদনশীলতা হ্রাস বৃদ্ধির প্রতিবেদন

**মে-২০১৯**

**ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)**

**শিল্প মন্ত্রণালয়**

**৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ।**

**ফোনঃ ৯৫৫৪৮৭১-২, ৯৫৬২৮৮৩**

www.npo.gov.bd

# মুখবন্ধ



তৈরি পোশাক শিল্পের পরেই বাংলাদেশে সবচেয়ে সম্ভাবনাময় সেক্টর ট্যানারী ও লেদার সেক্টর । সস্তা শ্রম, গুণগত মানসম্পন্ন চামড়ার কারণে বাংলাদেশ বিশ্বের নামকরা ব্র্যান্ডগুলোর দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়েছে। কিন্তু তৈরি পোশাক শিল্পের সাথে এ সেক্টরের রপ্তানি আয়ের বিশাল ব্যবধান রয়েছে। ২০১৭ সালে চামড়া সংশ্লিষ্ট পণ্যের রপ্তানির পরিমাণ ছিল ১২০ কোটি ডলার, যা মোট রপ্তানির মাত্র সাড়ে তিন ভাগ। এই রপ্তানির পরিমাণ বিশ্ববাজারের মাত্র শূন্য দশমিক ৬ ভাগ। তবে বাংলাদেশি চামড়ার গুণগত মান ভালো হওয়ায় বিশ্ববাজারে বাংলাদেশি চামড়াজাত পণ্যের চাহিদা বাড়ছে। চামড়া শিল্পে বাংলাদেশের মূল্য সংযোজন প্রায় ৮০ ভাগ হওয়ায় এই খাতে পশ্চাৎ শিল্পেও রয়েছে ব্যাপক সম্ভাবনা। বিশেষ করে সস্তা শ্রমিকের কারণে এই শিল্পে তৈরি পোশাক শিল্পের মতোই অপার সম্ভাবনা রয়েছে । এছাড়া এখাতে কর্মসংস্থানের ব্যাপক সম্ভবনা রয়েছে। তাই এ খাতের উৎপাদনশীলতা বাড়ানোর কোন বিকল্প নেই।

আলোচ্য প্রতিবেদনে বাংলাদেশের ট্যানারী ও লেদার সেক্টরের প্রতিষ্ঠান সমূহের ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত প্রতিষ্ঠান ভিত্তিক শ্রম উৎপাদনশীলতা, সংযোজিত মূল্যের মার্জিন, জনপ্রতি বিক্রয়, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়, গড় শ্রম ব্যয়, মূলধন উৎপাদনশীলতা, প্রফিটিবিলিটি, অপারেটিং প্রফিট মার্জিন ও মূলধন টার্ণওভার পরিমাপ ও বিশ্লেষণ করা হয়েছে ।

প্রতিবেদন হতে প্রতীয়মান হয় যে, সামগ্রিকভাবে এসব প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা আশাব্যাঞ্জক নয় । বিশেষতঃ প্রতিষ্ঠানগুলিতে শিল্পজনিত ব্যয়, অ-শিল্পজনিত ব্যয়সহ অন্যান্য ব্যয়ের অপচয় রোধপূর্বক উৎপাদনশীলতা উন্নয়ন প্রয়োজন । প্রতিবেদনে প্রকাশিত তথ্যাদির পর্যালোচনা হতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক ও শ্রমিক নেতৃবৃন্দ, পরিকল্পনাবিদ এবং নীতি নির্ধারকগণ সামান্য উপকৃত হলেও এনপিও এর এ প্রয়াস সার্থক হয়েছে বলে বিবেচিত হবে । সর্বোপরি যে সমস্ত কারখানাসমূহ এ প্রতিবেদন প্রস্তুত করার জন্য তথ্যাদি সরবরাহ করেছে আমরা তাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞ । এ প্রতিবেদন প্রকাশিত বিষয়ে কোন প্রকার মতামত থাকলে তা সানন্দে গ্রহণ করা হবে । উৎপাদনশীলতা অনুরাগী ব্যক্তি ও পাঠক মহলে এ প্রতিবেদনটি বিশেষভাবে সমাদৃত হবে বলে আমাদের বিশ্বাস ।

**এস. এম. আশরাফুজ্জামান**
**পরিচালক (যুগ্ম-সচিব), এনপিও ।**

# প্রতিবেদন প্রস্তুত কাজে অংশগ্রহণকারীগণ

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ফরিদ উদ্দিন<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | : | সার্বিক তত্ত্বাবধান |  |
| ২। | মোছাঃ আবিদা সুলতানা<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | : | পরিকল্পনা, গঠনপ্রণালী,<br>এবং প্রতিবেদন লিখন |  |
| ৩। | জনাব মোঃ মনিরুজ্জামান<br>গবেষণা কর্মকর্তা | : | তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও<br>প্রতিবেদন লিখন |  |
| ৪। | জনাব মোঃ আব্দুল্যাহ্<br>সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | : | প্রতিবেদন মুদ্রণ |  |

# ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর । এনপিও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন খাত, উপ-খাত এবং কুটির শিল্পসহ এসএমই ও শিল্প/সেবা প্রতিষ্ঠান খাতে উৎপাদনশীলতা উন্নয়নে যুগোপযোগী কলাকৌশল সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরী সহায়তা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে । এনপিও জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে আন্তর্জাতিক মানের কনসালটেন্সি সেবা প্রদান করে থাকে । এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী, **উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করা, প্রতিবছর ০২ অক্টোবরকে "জাতীয় উৎপাদনশীলতা দিবস" পালন করা** এবং সর্বোপরি এ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে শিল্প/সেবা প্রতিষ্ঠানে সেরা উদ্যোক্তাদেরকে স্বীকৃতি স্বরূপ প্রতিবছর **"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড"** প্রদান করা হচ্ছে ।

## কার্যক্রম:

- জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা ;
- উৎপাদনশীলতা উন্নয়নে Consultancy সেবা প্রদান করা;
- উৎপাদনশীলতা বিষয়ে জরীপ ও সমীক্ষা এবং গবেষণা কার্যক্রম পরিচালনা করা;
- উৎপাদনশীলতা বিষয়ক তথ্য ভান্ডার গঠন করা;
- উৎপাদনশীলতা উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ;
- উৎপাদনশীলতা বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য প্রচার সামগ্রী তৈরী ও বিতরণ করা;
- কারখানা/ প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন কোষ গঠন ও এর কার্যক্রমে সহায়তা করা;
- উৎপাদনশীলতা বৃদ্ধিতে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য সেমিনার/কর্মশালা/আলোচনা সভা আয়োজন করা;
- জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা পরিমাপ করা;
- প্রতিবছর ০২ অক্টোবর দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা;
- শিল্প/সেবা খাতে অবদানের জন্য প্রতিবছর ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করা;

- উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান এবং যথাযথ কলাকৌশল উদ্ভাবন করা;
- বাংলাদেশে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করা এবং
- এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে আন্তর্জাতিক প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, ষ্টাডি মিটিং, ই-লার্নিং কোর্স, টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) ইত্যাদি কর্মকান্ড বাংলাদেশে পরিচালনা ও বাস্তবায়ন করা।



# প্রতিবেদনে ব্যবহৃত সূত্রাবলী ও তার ব্যাখ্যা

| | | | |
|---|---|---|---|
| ১। | উৎপাদনশীলতা | : | কোন উৎপাদনকারী/সেবামূলক প্রতিষ্ঠান যে পরিমাণ দ্রব্য বা সেবা উৎপাদন করে থাকে ঐ পরিমাণ দ্রব্য বা সেবা উৎপাদনে যে উপকরণ ব্যয় হয় এ দুইয়ের অনুপাতকে উৎপাদনশীলতা বলা হয়। |

$$\text{উৎপাদনশীলতা} = \frac{\text{উৎপাদন}}{\text{উপকরণ}}$$

| | | | |
|---|---|---|---|
| ২। | উৎপাদন (আউটপুট) | : | উৎপাদন বলতে উৎপাদিত দ্রব্য বা সেবাকে বুঝায় । প্রতিবেদনে আউটপুট বলতে বিক্রয়+মজুদ মূল্যের পরিবর্তন +বাইপ্রোডাক্ট+অন্যান্য উৎস হতে আয় এর যোগফলকে বুঝায় । |
| ৩। | সংযোজিত মূল্য | : | (বিক্রয়+মজুদ মূল্যের পরিবর্তন+বাইপ্রোডাক্ট+অন্যান্য উৎস হতে আয়) - (শিল্পজনিত +অশিল্পজনিত ব্যয়) । |
| ৪। | শিল্পজনিত ব্যয় | : | উৎপাদন প্রক্রিয়ায় সরাসরি ব্যবহৃত উপকরণ সমূহকে শিল্পজনিত ব্যয় বলা হয় । যেমন-কাঁচামাল ও জ্বালানীর ব্যয় । |
| ৫। | অ-শিল্পজনিত ব্যয় | : | মুদ্রণ, মনোহরী, টেলিফোন, ডাক ও তার, ব্যাংকিং চার্জ, বীমা,পরামর্শক ব্যয়, হিসাব-নিকাশ ও নিরীক্ষা ব্যয় ইত্যাদি । |
| ৬। | মোট ব্যয় | : | শিল্পজনিত ব্যয়+অ-শিল্পজনিত ব্যয় । |
| ৭। | স্থায়ী সম্পদ | : | স্থায়ী সম্পদ বলতে মোট মূলধন বুঝায় । |
| ৮। | অপারেটিং প্রফিট | : | সংযোজিত মূল্য - [শ্রম ব্যয় (বেতন ও মজুরী) + অবচয়] |

৯। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা $$= \frac{\text{সংযোজিত মূল্য}}{\text{মোট জনশক্তি}}$$

১০। সংযোজিত মূল্য অনুপাত $$= \frac{\text{সংযোজিত মূল্য}}{\text{বিক্রয়}}$$

সংযোজিত মূল্য ও বিক্রয় মূল্যের অনুপাতকে বুঝায়।

v

১১। জনপ্রতি বিক্রয় $$= \frac{\text{বিক্রয়}}{\text{মোট জনশক্তি}}$$

প্রতিজন কি পরিমাণ দ্রব্য সামগ্রী বিক্রয় করেছে তা বুঝানো হয়েছে।

১২। বিক্রয় হিসাবে ব্যয় $$= \frac{\text{মোট ব্যয়}}{\text{মোট বিক্রয়}}$$

প্রতি টাকায় বিক্রয়ে কত টাকা ব্যয় হয়েছে।

১৩। বিক্রয় হিসাবে সংযোজিত মূল্য $$= \frac{\text{সংযোজিত মূল্য}}{\text{মোট বিক্রয়}}$$

প্রতি টাকায় কত টাকা বিক্রয়ে সংযোজিত মূল্য যোগ হয়েছে তার পরিমাণকে বুঝানো হয়েছে।

১৪। বিক্রয় হিসেবে ব্যয়ের শতকরা হার $$= \frac{\text{মোট ব্যয়}}{\text{বিক্রয়}} \text{X১০০}$$

১৫। সংযোজিত মূল্যে শতকরা হার $$= \frac{\text{সংযোজিত মূল্য}}{\text{বিক্রয়}} \text{X১০০}$$

১৬। মূলধন উৎপাদনশীলতা $$= \frac{\text{সংযোজিত মূল্য}}{\text{মোট মূলধন}}$$

প্রতি টাকায় মূলধনে কত টাকা সংযোজিত মূল্য সৃষ্টি হয়েছে তার

পরিমাণকে মূলধন উৎপাদনশীলতা বলা হয় ।

১৭। মূলধন ঘনত্ব = $\frac{\text{মোট মূলধন}}{\text{মোট জনশক্তি}}$

জনপ্রতি কত টাকা মূলধন উৎপাদন কার্যে ব্যবহৃত হয়েছে তার পরিমাণকে বুঝায় ।



১৮। মূলধন টার্নওভার = $\frac{\text{নীট বিক্রয়}}{\text{মোট জনশক্তি}}$

১৯। জনপ্রতি শ্রম ব্যয় = $\frac{\text{বেতন ও মজুরী}}{\text{মোট জনশক্তি}}$

জনপ্রতি কত বেতন ও মজুরী প্রদান করা হয়, তার পরিমাণকে বুঝায় ।

২০। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় = $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{শ্রম ব্যয়}}$

প্রতি টাকায় কত টাকা সংযোজিত মূল্য যুক্ত হয়েছে তার পরিমাণকে বুঝায় ।

২১। সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হার = $\frac{\text{শ্রম ব্যয়}}{\text{সংযোজিত মূল্য}} \times ১০০$

২২। প্রফিটিবিলিটি = $\frac{\text{অপারেটিং প্রফিট}}{\text{স্থায়ী সম্পদ}} \times ১০০$

এক টাকার স্থায়ী সম্পদ/ওয়ার্কিং ক্যাপিটাল বিনিয়োগের মাধ্যমে কত টাকা মুনাফা অর্জিত হয় তাকে বুঝায় ।

২৩। প্রফিট মার্জিন = $\frac{\text{অপারেটিং প্রফিট}}{\text{বিক্রয়}}$ x ১০০

প্রতি টাকায় বিক্রয়ে কি পরিমাণ মুনাফা অর্জিত হয় তার পরিমাণকে প্রফিট মার্জিন বুঝায়।



# সূচী পত্র


| | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১। | ভূমিকা, সমীক্ষা পদ্ধতি, উদ্দেশ্যাবলী , পরিব্যপ্তি, সংক্ষিপ্ত ফলাফল,কারখানা ভিত্তিক সুপারিশ ও উপসংহার | | ১-৭ |
| | **টি. কে. ফুটওয়্যার লিমিটেড** | | |
| ০২। | প্রতিষ্ঠান পরিচিতি | ... | ৮ |
| ০৩। | সংযোজিত মূল্য | ... | ৯ |
| ০৪। | চিত্রে সংযোজিত মূল্য | ... | ৯ |
| ০৫। | সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ... | ১০ |
| ০৬। | প্রতিযোগিতামূলক শ্রমব্যয়ের অনুপাত | ... | ১১ |
| ০৭। | বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার | ... | ১২ |
| ০৮। | উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত | ... | ১৩ |
| ০৯। | মূলধন উৎপাদনশীলতা | ... | ১৪ |
| ১০। | প্রফিটিবিলিটি অনুপাত | ... | ১৫ |
| | **রিফ লেদার লিমিটেড** | | |
| ১১। | প্রতিষ্ঠান পরিচিতি | ... | ১৬ |
| ১২। | সংযোজিত মূল্য | ... | ১৭ |

| | | | |
|---|---|---|---|
| ১৩। | চিত্রে সংযোজিত মূল্য | ... | ১৭ |
| ১৪। | সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ... | ১৮ |
| ১৫। | প্রতিযোগিতামূলক শ্রমব্যয়ের অনুপাত | ... | ১৯ |
| ১৬। | বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার | ... | ২০ |
| ১৭। | উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত | ... | ২১ |
| ১৮। | মূলধন উৎপাদনশীলতা | ... | ২২ |
| ১৯। | প্রফিটিবিলিটি অনুপাত | ... | ২৩ |



## প্যাসিফিক ফুটওয়্যার ইন্ডাস্ট্রিজ লিমিটিড

| | | | |
|---|---|---|---|
| ২০। | প্রতিষ্ঠান পরিচিতি | ... | ২৪ |
| ২১। | সংযোজিত মূল্য | ... | ২৫ |
| ২২। | চিত্রে সংযোজিত মূল্য | ... | ২৫ |
| ২৩। | সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ... | ২৬ |
| ২৪। | প্রতিযোগিতামূলক শ্রমব্যয়ের অনুপাত | ... | ২৭ |
| ২৫। | বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার | ... | ২৮ |
| ২৬। | উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত | ... | ২৯ |
| ২৭। | মূলধন উৎপাদনশীলতা | ... | ৩০ |
| ২৮। | প্রফিটিবিলিটি অনুপাত | ... | ৩১ |

## পতেঙ্গা ফুটওয়্যার লিমিটিড

| | | | |
|---|---|---|---|
| ২৯। | প্রতিষ্ঠান পরিচিতি | ... | ৩২ |
| ৩০। | সংযোজিত মূল্য | ... | ৩৩ |
| ৩১। | চিত্রে সংযোজিত মূল্য | ... | ৩৩ |
| ৩২। | সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ... | ৩৪ |
| ৩৩। | প্রতিযোগিতামূলক শ্রমব্যয়ের অনুপাত | ... | ৩৫ |

| | | | |
|---|---|---|---|
| ৩৪। | বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার | ... | ৩৬ |
| ৩৫। | উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত | ... | ৩৭ |
| ৩৬। | মূলধন উৎপাদনশীলতা | ... | ৩৮ |
| ৩৭। | প্রফিটিবিলিটি অনুপাত | ... | ৩৯ |
| ৩৮। | পরিশিষ্ট সারণী | ... | ৪০-৪৩ |
| ৩৯। | জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) | ... | ৪৪-৪৫ |
| ৪০। | জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি | ... | ৪৬ |
| ৪১। | রসায়ন, ট্যানারী ও লেদার শিল্প খাতের উপদেষ্ঠা কমিটি | ... | ৪৭ |
| ৪২। | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর পেশাজীবি ব্যাক্তিবর্গ | ... | ৪৮ |
| ৪৩। | প্রতিবেদনাধীন কারখানা সমূহের নাম ও ঠিকানা | ... | ৪৯ |


# প্রথম অধ্যায়

## ভূমিকা:

চামড়া শিল্পের উল্লেখযোগ্য প্রবৃদ্ধি এবং বিনিয়োগের সম্ভাবনার কারনে বাংলাদেশের চামড়া শিল্পকে অগ্রাধিকার খাত হিসাবে চিহ্নিত করা হয়েছে। সরকার এই শিল্পে বিভিন্ন রকম প্রাতিষ্ঠানিক সহায়তা যেমন ট্যাক্স ইনসেনটিভস এবং ১০০% রপ্তানি-ভিত্তিক কারখানাগুলির জন্য কাঁচামাল ও যন্ত্রপাতির শুল্কমুক্ত আমদানী সহ বিভিন্ন সুবিধা দিয়ে এই সেক্টরটিকে প্ররোচিত করছে। এছাড়াও বাংলাদেশ প্রধান রপ্তানি বাজারে শুল্কমুক্ত, কোটা মুক্ত সুবিধা উপভোগ করে। ভাল মানের জন্য বাংলাদেশের চামড়া অত্যন্ত সুপরিচিত এবং চামড়াজাত পণ্য এবং জুতা কারখানাগুলি ক্রমান্বয়ে বিদেশী ক্রেতাদের উচ্চ চাহিদা পূরণে সক্ষম হচ্ছে। বাংলাদেশে এ শিল্পের উন্নয়নের যথেষ্ঠ সম্ভাবনা রয়েছে। চামড়া শিল্পের পুরো সাপ্লাই চেইন যেমন-কাঁচা চামড়া থেকে চামড়া প্রক্রিয়াজাতকরণ, জুতা এবং চামড়াজাত দ্রব্য উৎপাদন, সবজায়গায় এ শিল্পের উন্নয়নের সম্ভাবনা রয়েছে । পরিকল্পিত উপায়ে যথাযথভাবে অগ্রসর হলে এ খাত থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব। তাছাড়া এ শিল্পে কর্মসংস্থানের ব্যাপক সম্ভবনা রয়েছে। তাই জাতীয় অর্থনৈতিক উন্নয়নের জন্য এ শিল্পের উন্নয়নের বিকল্প নেই I আর উৎপাদনশীলতা উন্নয়ন ব্যতীত শিল্পায়ন সম্ভব নয় । ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) চামড়া ও চামড়াজাত পণ্য উৎপাদনকারী শিল্পের উৎপাদনশীলতা উন্নয়নের জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে । আলোচ্য প্রতিবেদনটি চামড়া ও চামড়াজাত শিল্প

খাতের নিয়ন্ত্রণাধীন ০৪টি লেদার এন্ড ফুটওয়্যার কারখানার তথ্যের সমন্বয়ে করা হয়েছে। কারখানাসমূহের ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত মোট ০৩ বছরের তথ্যের আলোকে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। ০৪ টি কারখানায় উৎপাদনশীলতার উপর বিভিন্ন নির্ণয়কের অনুপাত, শতকরা হার প্রভৃতি বিষয়গুলোর এখানে বিশ্লেষণ করা হয়েছে।

## সমীক্ষা পদ্ধতি:

সমীক্ষা পরিচালনা করার পূর্বে প্রশ্নমালা প্রণয়ন ও জরীপ পরিকল্পনা করা হয়। উপাত্ত সংগ্রহের জন্য প্রাথমিকভাবে ডাকযোগে লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফেকচারারস এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর তালিকাভুক্ত ৩০টি প্রতিষ্ঠান সমূহে প্রশ্নমালা প্রেরণ করা হয় এবং পরবর্তীতে তাগিদ পত্র দেওয়া হয় এবং যোগাযোগের মাধ্যমে মোট ০৪ টি কারখানার তথ্য সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত ০৪ টি কারখানার তথ্যাদি পুংখানুপুংখভাবে পরীক্ষাপূর্বক প্রতিবেদনটি প্রস্তুত করা হয়।

## উদ্দেশ্যাবলী:

১। প্রতিবেদনাধীন প্রতিষ্ঠানে নিয়োজিত মোট জনশক্তির জনপ্রতি শ্রম ব্যয় দ্বারা কতটুকু সংযোজিত মূল্য সৃষ্টি হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

২। প্রতিষ্ঠানের টাকা প্রতি বিক্রয় অনুপাতে সংযোজিত মূল্য কত তার শতকরা হার পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৩। প্রতিষ্ঠানের জনপ্রতি বিক্রয়ের পরিমাণ কতটুকু হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৪। প্রতিষ্ঠানে গড়ে প্রতিটি কর্মচারীর জন্য কত ব্যয় হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৫। প্রতিষ্ঠানের নির্দিষ্ট পরিমাণ সংযোজিত মূল্য সৃষ্টি করতে কত টাকা শ্রমিক/কর্মচারী বাবদ খরচ হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৬। প্রতিষ্ঠানের মূলধন ব্যবহারের ফলে কতটুকু সংযোজিত মূল্য সৃষ্টি হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৭। প্রতিষ্ঠানের স্থায়ী মূলধন প্রতি অপারেটিং প্রফিট এর শতকরা হার কতটুকু তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

৮। প্রতিষ্ঠানের প্রতি টাকা বিক্রয় অনুপাতে অপারেটিং প্রফিট কত তার শতকরা হার পর্যালোচনা ও বিশ্লেষণ করা এবং

৯। প্রতিষ্ঠানের প্রতি টাকা স্থায়ী মূলধন ব্যবহারের মাধ্যমে কত টাকার পণ্য বিক্রয় হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা ।

## পরিব্যপ্তি:

প্রতিবেদনটি বাংলাদেশের চামড়া ও চামড়াজাত শিল্পের অন্তর্ভূক্ত লেদার ও ফুটওয়্যার উৎপাদনকারী কারখানার তথ্যাদির সমন্বয়ে প্রস্তুত করা হয়েছে ।

## সংক্ষিপ্ত ফলাফল:

সমীক্ষায় ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মিলভিত্তিক শ্রম উৎপাদনশীলতা, সংযোজিত মূল্যের মার্জিন, জনপ্রতি বিক্রয়, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়, গড় শ্রমব্যয়, মূলধন উৎপাদনশীলতা, প্রফিটিবিলিটি, অপারেটিং প্রফিট মার্জিন ও দুর্বলতার দিকসমূহ তুলে ধরা হয়েছে । নিম্নে সমীক্ষাধীন মিলসমূহের সংক্ষিপ্ত ফলাফল আলোচনা করা হলো ।

## প্রতিষ্ঠান ভিত্তিক সংক্ষিপ্ত ফলাফল:

(ক) প্রতিবেদনাধীন চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ০৪ টি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্যের তুলনামূলক চিত্র নিচে তুলে ধরা হয়েছে ।

**প্রতিষ্ঠান ভিত্তিক সংযোজিত মূল্য:**

( লক্ষ টাকায়)

| প্রতিষ্ঠান সমূহের নাম | বৎসর | | |
|---|---|---|---|
| | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| টি. কে. ফুটওয়্যার লিমিটেড | ৬.৫১ | ৩৯.৬৪ | ৩১.৫৭ |
| রিফ লেদার লিমিটেড | ৬৪৮.০০ | ৬০৭.৯৭ | ৯৭৮.০০ |
| প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড | ৪৪৮.৭৬ | ৩৭২.৩২ | ৯৯৪.০০ |
| পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড | -৪১৭.৭৫ | -১৮৪.১৮ | ৬৪.৪৩ |

প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, সংযোজিত মূল্যের ক্ষেত্রে ২০১৭-১৮ সালে প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড প্রথম অবস্থানে রয়েছে । তবে সংযোজিত মূল্যের ধারাবাহিকতা না থাকায় সংযোজিত মূল্য

উর্ধ্বমুখী ও নিম্নমুখী উভয় প্রবণতা দেখা যায় । রিফ লেদার লিমিটেড দ্বিতীয় অবস্থানে রয়েছে । ধারাবাহিকতা না থাকায় ২০১৬-১৭ সালে সংযোজিত মূল্য নিম্নমুখী এবং ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী অবস্থানে রয়েছে। টি. কে. ফুটওয়্যার লিমিটেড তৃতীয় অবস্থানে রয়েছে । ধারাবাহিকতা থাকায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ উভয় সালেই সংযোজিত মূল্য বৃদ্ধি পেয়েছে। পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড চতুর্থ অবস্থানে ছিল, তবে ধারাবাহিকতা থাকায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ উভয় সালেই সংযোজিত মূল্য বৃদ্ধি পায়।

**চিত্রে প্রতিষ্ঠান ভিত্তিক সংযোজিত মূল্য**




(খ) প্রতিবেদনাধীন চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ০৪ টি প্রতিষ্ঠানের জনশক্তির চিত্র নিচে তুলে ধরা হয়েছে ।

**প্রতিষ্ঠানভিত্তিক জনশক্তি**

(জন )

| প্রতিষ্ঠান সমূহের নাম | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
|---|---|---|---|
| টি. কে. ফুটওয়্যার লিমিটেড | ১৮৫ | ১৮৯ | ২৩০ |
| রিফ লেদার লিমিটেড | ২১৩ | ২৩২ | ২২২ |
| প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড | ৪১৪ | ৩৫৭ | ৩৮৩ |
| পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড | ৫১৭ | ৫৬৮ | ৬১৫ |

(গ) প্রতিবেদনাধীন চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ০৪ টি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতার তুলনামূলক চিত্র নিচে তুলে ধরা হয়েছে।

**সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা**

(লক্ষ টাকায়)

| প্রতিষ্ঠান সমূহের নাম | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| টি. কে.  ফুটওয়্যার লিমিটেড | ০.০৪ | ০.২১ | ০.১৪ |
| রিফ লেদার লিমিটেড | ৩.০৪ | ২.৬২ | ৪.৪১ |
| প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড | ১.০৮ | ১.০৪ | ২.৬০ |
| পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড | -০.৮১ | -০.৩২ | ০.১০ |

উপরের সারনী থেকে দেখা যায় যে, প্রতিবেদনকালীন সময়ে নির্বাচিত ০৪ টি প্রতিষ্ঠানের মধ্যে  টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা  ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী  ছিল।  রিফ লেদার লিমিটেড  এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে নিম্নমুখী হলেও পরে আবার ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী  ছিল। প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড  এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে নিম্নমুখী হলেও পরে আবার ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী  ছিল।  পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী  ছিল।

**চিত্রে সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা**



(ঘ) প্রতিবেদনাধীন চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ০৪ টি প্রতিষ্ঠানের মূলধন উৎপাদনশীলতার তুলনামূলক চিত্র নিচে তুলে ধরা হয়েছে।

**মূলধন উৎপাদনশীলতা**

(লক্ষ টাকায়)

| প্রতিষ্ঠান সমূহের নাম | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
|---|---|---|---|
| টি. কে. ফুটওয়্যার লিমিটেড | ০.১৪ | ০.৮৫ | ০.৫১ |
| রিফ লেদার লিমিটেড | ১.০৫ | ১.১৩ | ১.৬৯ |
| প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড | ০.৩৩ | ০.২৭ | ০.৭২ |
| পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড | -০.৫৯ | -০.২৬ | ০.০৯ |

উপরের সারনী থেকে দেখা যায় যে, প্রতিবেদনকালীন সময়ে নির্বাচিত ০৪ টি প্রতিষ্ঠানের মধ্যে টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর মূলধন উৎপাদনশীলতা ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী ছিল। রিফ লেদার লিমিটেড এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে নিম্নমুখী হলেও পরে আবার ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী ছিল। প্যাসিফিক ফুটওয়্যার লিমিটেড এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে নিম্নমুখী হলেও পরে আবার ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী ছিল। পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড এর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে উর্ধ্বমুখী ছিল।

**মূলধন উৎপাদনশীলতা**




## সুপারিশঃ

(ক) উক্ত ০৪ টি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্য বৃদ্ধি করার লক্ষ্যে অপ্রয়োজনীয় খরচ হ্রাস পূর্বক উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি করা প্রয়োজন ।

(খ) টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে সংযোজিত মূল্য বৃদ্ধি পূর্বক সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা বৃদ্ধি করা যেতে পারে ।

(গ) পতেঙ্গা ফুটওয়্যার লিমিটেড এর উৎপাদনশীলতা বৃদ্ধি করার মাধ্যমে প্রতিষ্ঠানের প্রফিটিবিলিটি বৃদ্ধি করা যেতে পারে।

(ঘ) উৎপাদনশীলতা উন্নয়নে সকল কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক ও শ্রমিক নেতৃবৃন্দকে অন দি জব ট্রেনিং এবং অফ দি জব ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

(ঙ) কারখানার পরিবেশ সুশৃঙ্খল ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য 5এস কমিটি গঠন ও ৫এস কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।

(চ) প্রতিষ্ঠানকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ব্যবস্থপনার সকল স্তরের নেতৃবৃন্দসহ কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক ও শ্রমিক নেতৃবৃন্দকে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে ।

## উপসংহার :

১। লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফেকচারারস এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর নির্বাচিত কারখানাসমূহের উৎপাদনশীলতা ধারাবাহিকভাবে উর্ধ্বমূখী রাখার জন্য প্রচেষ্টা ও উদ্যোগ গ্রহণ

করতে হবে। এ লক্ষ্যে ব্যবস্থাপনা ও উৎপাদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উৎপাদনশীলতা সম্পর্কে অবশ্যই সচেতন হতে হবে। একই সাথে শ্রমিক কর্মচারীদেরকে এর প্রয়োজনীয়তা ও সুফল সম্বন্ধে অবহিত করতে হবে এবং তাদেরকে প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য উৎপাদনশীলতা কার্যক্রমে অংশগ্রহণের জন্য সচেতন করতে হবে।

২। ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে উৎপাদনশীলতা পরিমাপ করে উৎপাদনশীলতা বৃদ্ধির বাঁধাসমূহ চিহ্নিতপূর্বক প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। সুপরিকল্পিতভাবে উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সকল কারখানা ও শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়ন কোষ ও উৎপাদিত পণ্যের গুণগতমান নিশ্চিত করার জন্য কোয়ালিটি কন্ট্রোল সার্কেল গঠন করতে হবে। এ লক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচী গ্রহণ করা যেতে পারেঃ

(ক) উৎপাদনশীলতা উন্নয়নের জন্য পণ্যের গুণগতমান নির্ধারণপূর্বক বাজারজাতকরণ করতে হবে।

(খ) মাসিক ও বাৎসরিক ভিত্তিতে উৎপাদনশীলতা পরিমাপ করতে হবে।

(গ) কারখানায় কর্মরত সকল শ্রেণির শ্রমিকের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত আলোচনা সভা করতে হবে।

(ঘ) কারখানায় কর্মরত সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যোগাযোগ ও সুসম্পর্ক বজায় রাখতে হবে।

(ঙ) কাঁচামাল, জ্বালানি ও প্রতিষ্ঠানে নিয়োজিত জনশক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

(চ) নিয়মিত যন্ত্রপাতি পরিষ্কার ও ত্রুটি দূরীকরণের মাধ্যমে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ছ) পণ্যের গুণগতমান নিশ্চিতপূর্বক উৎপাদিত পণ্যের ব্যয় নিম্ন পর্যায়ে রাখতে হবে।

(ঞ) প্রতিষ্ঠানকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।







**প্রতিষ্ঠান পরিচিতিঃ**

টি. কে. ফুটওয়্যার লিমিটেড বাংলাদেশের চামড়াজাত দ্রব্য সামগ্রী প্রস্তুতকারক একটি অন্যতম প্রতিষ্ঠান । এ প্রতিষ্ঠানটি ১৯১২ সালে স্থাপিত হয় এবং উৎপাদন কার্যক্রম শুরু করে ১৯১৩ সালে । এ প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় ৮৩, খাতুনগঞ্জ, চট্টগ্রাম এবং কারখানা ৪, সি.ডি.এ, শিল্প এলাকা, কালুরঘাট, চট্টগ্রামে অবস্থিত । প্রতিষ্ঠানটির ২০১৭-১৮ সালের তথ্য মাফিক প্রতিষ্ঠানটিতে ২৩০ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক কর্মরত আছে এবং স্থায়ী সম্পদের পরিমাণ ৬১.৯২ লক্ষ টাকা । সরবরাহকৃত তথ্য মাফিক বলা যায় যে, প্রতিষ্ঠানটি ২০১৬-১৭ অর্থ বছরে কর বাবদ ১.০১ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিয়েছে । টি. কে. ফুটওয়্যার লিমিটেড ১০০% এক্সপোর্ট ওরিয়েনটেড কোম্পানী।

সারণী-১

**সংযোজিত মূল্যে**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
| ১। বিক্রয় ও অন্যান্য উৎস হতে আয় | ১০৪.৪৪ | ১০৮.০২ | ১০৪.৫৩ |
| ২। কাঁচামাল ও অন্যান্য ব্যয় | ৯৭.৯৩ | ৬৮.৩৮ | ৭২.৯৬ |
| ৩। সংযোজিত মূল্য | ৬.৫১ | ৩৯.৬৪ | ৩১.৫৭ |

সারণী-১ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত সংযোজিত মূল্য নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তুলনা করা হয়েছে । উপরোক্ত সারণী থেকে দেখা যায় যে, টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর সমীক্ষাধীন বছরগুলোর সংযোজিত মূল্য বিক্রয় ও অন্যান্য উৎস হতে আয়ের ক্ষেত্রে ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৫০৮.৯১% এবং ২০১৭-১৮ সালে ৩৮৪.৯৫% বৃদ্ধি পেয়েছে । কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ব্যয় ৩০.১৭% এবং ২০১৭-১৮ সালে ২৫.৫% কমেছে । এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে দেখা যায় যে, ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে সংযোজিত মূল্য বৃদ্ধি পেলেও ২০১৬-১৭ সালের তুলনায় ২০১৭-১৮ সালে আবার হ্রাস পেয়েছে। বিক্রয় ও অন্যান্য উৎস হতে আয় ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩.৪৩% এবং ২০১৭-১৮ সালে ০.০৯% বেড়েছে।

**চিত্রে সংযোজিত মূল্য**



সারণী-২

## সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। জনশক্তি (সংখ্যায়) | ১৮৫ | ১৮৯ | ২৩০ |
| ২। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ০.০৪ | ০.২১ | ০.১৪ |
| ৩। সংযোজিত মূল্যে অনুপাত | ৬.২৩ | ৩৬.৭০ | ৩০.২০ |
| ৪। জনপ্রতি বিক্রয় | ০.৫৬ | ০.৫৭ | ০.৪৫ |

সারণী-২ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা নিরূপণ করা হয়েছে। ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তথ্য সমূহের তুলনা করা হয়েছে । সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা ভিত্তি বৎসর এর তুলনায় ২০১৬-১৭ সালে বাড়লেও ২০১৬-১৭ সালে যে পরিমান বেড়েছে ২০১৭-১৮ সালে তার চেয়ে কম বেড়েছে। আবার সংযোজিত মূল্যের অনুপাত বা সংযোজিত মূল্যের মার্জিন এর ক্ষেত্রে ও একই অবস্থা পরিলক্ষিত হয় । অপরদিকে জনপ্রতি গড় বিক্রয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.২৪% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ২৪.২২% হ্রাস পেয়েছে । জনপ্রতি বিক্রয় প্রথমে বাড়লে পরের বছর আবার কমে গেছে।

সারণী-৩

## প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় অনুপাত

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। মোট শ্রম ব্যয় | ১৭.১৬ | ১৭.৪৫ | ১৭.৮৭ |
| ২। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় | ০.৩৮ | ২.২৭ | ১.৭৭ |
| ৩। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ০.০৪ | ০.২১ | ০.১৪ |
| ৪। কর্মচারী প্রতি শ্রম ব্যয় | ০.০৯২৮ | ০.০৯২৩ | ০.০৭৭৭ |

সারণী-৩ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় অনুপাত নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় এবং সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা উভয়ই ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় বৃদ্ধি পেয়েছে। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৪৯৮.৭৯% এবং ২০১৭-১৮ সালে ৩৬৫.৬৮% বৃদ্ধি পেয়েছে। আবার জনপ্রতি শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.৪৬% এবং ২০১৭-১৮ সালে ১৬.২৪% হ্রাস পেয়েছে। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতার পরিমান প্রথমে বাড়লে পরের বছর আবার কিছুটা কমে গেছে। প্রতিষ্ঠানটির শ্রম উৎপাদনশীলতা বাড়ানোর জন্য শ্রমিকদের পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে যা প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করতে পারে।

সারণী-৪

## বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য, কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। কাঁচামাল ব্যয় | ৮০.৪৪ | ৫১.৫৮ | ৪২.৬৮ |
| ২। বিদ্যুৎ ও অন্যান্য জ্বালানী ব্যয় | ৬.৫৩ | ৬.৪২ | ২.১ |
| ৩। অশিল্পজনিত ব্যয় | ৬.৮০ | ৫.৩০ | ২৫.০৩ |
| ৪। মোট ব্যয় | ৯৩.৭৭ | ৬৩.৩০ | ৬৯.৮০ |
| ৫। সংযোজিত মূল্য | ৬.২৩ | ৩৬.৭০ | ৩০.২০ |
| ৬। মোট উৎপাদন/বিক্রয় | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |

সারণী-৪ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার নিরূপণ করা হয়েছে। বিক্রয় হিসেবে ব্যয়ের শতকরা হার ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩০.৪৬% এবং ২০১৭-১৮ সালে ২৩.৯৭% হ্রাস পেয়েছে। সংযোজিত মূল্যের শতকরা হারের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩০.৪৬% এবং ২০১৭-১৮ সালে ২৩.৯৭% বৃদ্ধি পেয়েছে। এ সারণীর সার্বিক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, কোম্পানিটি মোটামুটি ভাল অবস্থানে রয়েছে।

সারণী-৫

## উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। জনপ্রতি শ্রম ব্যয় | ০.০৯২৮ | ০.০৯২৩ | ০.০৭৭৭ |
| ২। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় | ০.৩৮ | ২.২৭ | ১.৭৭ |
| ৩। সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হার | ২৬৩.৫৯ | ৪৪.০২ | ৫৬.৬০ |

সারণী-৫ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত নিরূপণ করা হয়েছে। জনপ্রতি শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.৪৬% এবং ২০১৭-১৮ সালে ১৬.২৪% হ্রাস পেয়েছে। প্রতিবেদনাধীন সময়ে সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হার এর ক্ষেত্রে ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২১৯.৫৭% এবং ২০১৭-১৮ সালে ২০৬.৯৯% হ্রাস পেয়েছে। এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, প্রতিযোগিতামূলক শ্রমব্যয় প্রত্যেক বৎসর বৃদ্ধি পেলেও জনপ্রতি শ্রম ব্যয় কমার কারনে সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হার কমেছে।

সারণী-৬

**মূলধন উৎপাদনশীলতা**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। স্থায়ী সম্পদ | ৪৫.৬২ | ৪৬.৬৫ | ৬১.৯২ |
| ২। মূলধন উৎপাদনশীলতা | ০.১৪ | ০.৮৫ | ০.৫১ |
| ৩। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ০.০৪ | ০.২১ | ০.১৪ |
| ৪। মূলধন ঘনত্ব | ০.২৪৬৬ | ০.২৪৬৮ | ০.২৬৯২ |

সারণী-৬ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত মূলধন উৎপাদনশীলতা নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তথ্য সমূহের তুলনা করা হয়েছে । প্রতিবেদনাধীন সময়ে মূলধন উৎপাদনশীলতা এবং সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা ভিত্তি বছর ২০১৫-১৬ সালের সাথে তুলনা করে দেখা যায় যে বৃদ্ধি পেয়েছে। তবে ২০১৬-১৭ সালে বাড়লে ও ২০১৬-১৭ সালের তুলনায় ২০১৭-১৮ কমে গেছে। জনপ্রতি মূলধন ঘনত্বের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.০৯% এবং ২০১৭-১৮ সালে ৯.১৭% বৃদ্ধি পেয়েছে । এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে দেখা যায় যে, জনপ্রতি মূলধন ঘনত্ব ক্রমান্বয়ে বাড়ছে।

সারণী-৭

**প্রফিটিবিলিটি অনুপাত**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। অবচয় | ৫.৩১ | ৫.১৩ | ৫.৭৬ |
| ২। অপারেটিং প্রফিট | -১৫.৯৬ | ১৭.০৬ | ৭.৯৪ |
| ৩। প্রফিটিবিলিটি% | -৩৪.৯৮ | ৩৬.৫৭ | ১২.৮২ |
| ৪। প্রফিট মার্জিন | -১৫.২৮ | ১৫.৭৯ | ৭.৬০ |
| ৫। মূলধন টার্নওভার | ২.২৯ | ২.৩২ | ১.৬৯ |

সারণী-৭ এ টি. কে. ফুটওয়্যার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত প্রফিটিবিলিটি নিরূপণ করা হয়েছে। অর্থ বৎসর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বৎসরের তথ্য সমূহের তুলনা করা হয়েছে। ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালে অপারেটিং প্রফিট, প্রফিটিবিলিটি, প্রফিট মার্জিন সব ঋণাত্বক হলেও পরে আবার বেড়েছে যা প্রতিষ্ঠানের জন্য শুভ লক্ষণ বহন করে। মূলধন টার্নওভার এর ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.১৪% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ২৭.০৯% হ্রাস পেয়েছে।

# রিফ লেদার লিমিটেড






**প্রতিষ্ঠান পরিচিতিঃ**

রিফ লেদার লিমিটেড ক্রাষ্ট এবং ফিনিশড চামড়া প্রস্তুতকারক একটি অন্যতম প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি ১৯৯১ সালে স্থাপিত হয় এবং বাণিজ্যিকভাবে উৎপাদন কার্যক্রম শুরু করে ১৯৯৩ সালে । এ প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় টি.কে গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ, ৮৩, খাতুনগঞ্জ, চট্টগ্রাম এবং কারখানাটি ৪নং সিডিএ নক্সাস শিল্প এলাকা, কালুরঘাট, চট্টগ্রাম-এ অবস্থিত । এ প্রতিষ্ঠানের ২০১৭-১৮ সালের তথ্য মাফিক ২২২ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছে এবং স্থায়ী সম্পদের পরিমাণ ৭৭৮.৫ লক্ষ টাকা । সরবরাহকৃত তথ্য মাফিক দেখা যায় যে, প্রতিষ্ঠানটি ২০১৭-১৮ অর্থ বছরে কর বাবদ ৩৭ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিয়েছে ।

সারণী-১

**সংযোজিত মূল্য**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। বিক্রয় ও অন্যান্য উৎস হতে আয় | ৩৩৮৮.০০ | ৩৬৩৩.৯৭ | ৩৮৬১.০০ |
| ২। কাঁচামাল ও অন্যান্য ব্যয় | ২৭৪০.০০ | ৩০২৬.০০ | ২৮৮৩.০০ |
| ৩। সংযোজিত মূল্য | ৬৪৮.০০ | ৬০৭.৯৭ | ৯৭৮.০০ |

সারণী-১ এ রিফ লেদার লিমিটেড এর ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত সংযোজিত মূল্য নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তুলনা করা হয়েছে । ভিত্তি বৎসর ২০১৫-১৬ এর তুলনায় সংযোজিত মূল্য ২০১৬-১৭ সালে ৬.১৮% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৫০.৯৩% বৃদ্ধি পেয়েছে । উপরোক্ত সারণী থেকে আরও দেখা যায় যে, বিক্রয় ও অন্যান্য উৎস হতে আয় ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৭.২৬% এবং ২০১৭-১৮ সালে ১৩.৯৬% বৃদ্ধি পেয়েছে । এ সারণীর কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের তুলনা বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১০.৪৪% এবং ২০১৭-১৮ সালে ৫.২২% বৃদ্ধি পেয়েছে । এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে দেখা যায় যে, ২০১৫-১৬ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত সংযোজিত মূল্য হ্রাস পেলেও পরে আবার ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে। বিক্রয় ও অন্যান্য আয়ের তুলনায় কাঁচামাল ও অন্যান্য ব্যয় আনুপাতিক হারে কম বৃদ্ধি পাওয়ায় সংযোজিত মূল্য ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে।

**চিত্রে সংযোজিত মূল্য:**



সারণী-২

## সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
| ১। জনশক্তি (সংখ্যায়) | ২১৩ | ২৩২ | ২২২ |
| ২। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ৩.০৪ | ২.৬২ | ৪.৪১ |
| ৩। সংযোজিত মূল্যে অনুপাত (%) | ১৯.১৩ | ১৬.৭৩ | ২৫.৩৩ |
| ৪। জনপ্রতি বিক্রয় | ১৫.৯১ | ১৫.৬৬ | ১৭.৩৯ |

সারণী-২ এ রিফ লেদার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা  নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তথ্য সমূহের তুলনা করা হয়েছে। ভিত্তি বৎসর ২০১৫-১৬ এর তুলনায় সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা ২০১৬-১৭ সালে ১৩.৮৬% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৪৪.৮১% বৃদ্ধি পেয়েছে । সংযোজিত মূল্যের অনুপাত বা সংযোজিত মূল্যের মার্জিনের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় সংযোজিত মূল্যের মার্জিন ২০১৬-১৭ সালে ২.৪% হ্রাস এবং ২০১৭-১৮  সালে ৬.২% বৃদ্ধি পেয়েছে । অপরদিকে জনপ্রতি গড় বিক্রয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.৫২% হ্রাস ২০১৭-১৮ সালে ৯.৩৪% বৃদ্ধি পেয়েছে । এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, সংযোজিত মূল্যের মার্জিন বৃদ্ধি ও হ্রাসের মধ্যে নিহিত আছে। জনপ্রতি বিক্রয় হ্রাস- বৃদ্ধির ফলে সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা হ্রাস- বৃদ্ধির মধ্যে নিহিত ছিল ।

সারণী-৩

**প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় অনুপাত**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। মোট শ্রম ব্যয় | ২২৩.০০ | ২৩৬.০০ | ২২৯.০০ |
| ২। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় | ২.৯১ | ২.৫৮ | ৪.২৭ |
| ৩।সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ৩.০৪ | ২.৬২ | ৪.৪১ |
| ৪। কর্মচারী প্রতি শ্রম ব্যয় | ১.০৫ | ১.০২ | ১.০৩ |

সারণী-৩ এ রিফ লেদার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় অনুপাত নিরূপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বৎসর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তুলনা করা হয়েছে। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় এর ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১১.৩৫% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৪৬.৯৭% বৃদ্ধি পেয়েছে । সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১৩.৮৬% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৪৪.৮১% বৃদ্ধি পেয়েছে। আবার জনপ্রতি শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৮৪% এবং ২০১৭-১৮ সালে ১.৪৭% হ্রাস পেয়েছে। এ সারণীর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বৎসরের তুলনায় প্রথমে হ্রাস পেয়েছে পরে আবার বৃদ্ধি পেয়েছে ।

সারণী-৪

**বিক্রয় হিসেবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার**

(লক্ষ টাকায়)

| নির্নায়ক সমূহ | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
|---|---|---|---|
| কাঁচামাল ব্যয় | ৭৩.৯৪ | ৭২.৬৮ | ৬৬.৬৪ |
| বিদ্যুৎ ও অন্যান্য জ্বালানি ব্যয় | ২.৯২ | ২.৬১ | ২.৫১ |
| অশিল্পজনিত ব্যয় | ৪.০১ | ৭.৯৮ | ৫.৫২ |
| মোট ব্যয় | ৮০.৮৭ | ৮৩.২৭ | ৭৪.৬৭ |
| সংযোজিত মূল্য | ১৯.১৩ | ১৬.৭৩ | ২৫.৩৩ |
| মোট উৎপাদন/বিক্রয় | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |

সারণী-৪ এ রিফ লেদার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত বিক্রয় হিসাবে কাঁচামাল ও অন্যান্য ব্যয়ের শতকরা হার নিরূপণ করা হয়েছে। বিক্রয় হিসেবে ব্যয়ের শতকরা হার ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৪% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ৬.২% হ্রাস পেয়েছে। সংযোজিত মূল্যের শতকরা হারের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৪% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৬.২% বৃদ্ধি পেয়েছে। এ সারণীর সার্বিক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, মোট ব্যয় হ্রাস- বৃদ্ধির কারনে সংযোজিত মূল্য হ্রাস-বৃদ্ধি করা সম্ভব হয়েছে।

সারণী-৫

## উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। জনপ্রতি শ্রম ব্যয় | ১.০৫ | ১.০২ | ১.০৩ |
| ২। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় | ২.৯১ | ২.৫৮ | ৪.২৭ |
| ৩। সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হার | ৩৪.৪১ | ৩৮.৮২ | ২৩.৪২ |

সারণী-৫ এ রিফ লেদার লিমিটেড এর ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক অনুপাত নিরূপণ করা হয়েছে। জনপ্রতি শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৮৪% এবং ২০১৭-১৮ সালে ১.৪৭% হ্রাস পেয়েছে। আবার প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় এর ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১১.৩৫% হ্রাস এবং ২০১৭-১৮ সালে ৪৬.৯৭% বৃদ্ধি পেয়েছে। অপরদিকে সংযোজিত মূল্যে শ্রম ব্যয়ের শতকরা হারের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১২.৮% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ৩১.৯৬% হ্রাস পেয়েছে। এ সারণীর তথ্য সমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, জনপ্রতি শ্রম ব্যয় হ্রাস পেয়েছে। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছরের তুলনায় প্রথমে হ্রাস পলে পরের বছর বৃদ্ধি পেয়েছে যা প্রতিষ্ঠানের জন্য শুভ ইংগিত বহন করে।

সারণী-৬

## **মূলধন উৎপাদনশীলতা**

(লক্ষ টাকায়)

| নির্ণায়ক সমূহ | বৎসর | | |
|---|---|---|---|
| | **২০১৫-১৬** | **২০১৬-১৭** | **২০১৭-১৮** |
| ১। স্থায়ী সম্পদ | ৬১৯.০০ | ৫৩৮.০০ | ৫৭৮.৫০ |
| ২। মূলধন উৎপাদনশীলতা | ১.০৫ | ১.১৩ | ১.৬৯ |
| ৩। সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা | ৩.০৪ | ২.৬২ | ৪.৪১ |
| ৪। মূলধন ঘনত্ব | ২.৯১ | ২.৩২ | ২.৬১ |

